



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৪৩১১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৩৩৩

তারিখ: ০৬-১০-২০২০

বিষয়: কারণ দর্শানো জবাব প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ১৩-০৮-২০২০ তারিখের আবেদন (আইডি- (১৭৩২))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন ফকিরবাড়ী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের চূড়ান্ত বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মো: মনিরুজ্জামানকে আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৬৯তম সভার সিদ্ধান্ত অনুযায়ী তার বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক তার প্রাপ্য সকল সুবিধা প্রদানসহ স্বপদে পুনর্বহাল করে ১৫ দিনের মধ্যে অবহিত করার জন্য বিগত ১৬-০৪-২০১৭ খ্রি. তারিখে বিঅ-৬/৪৩১১/২৩৮৩ নং স্মারক পত্রে সভাপতিকে আদেশ দেয়া হয়। কিন্তু অদ্যাবধি তাকে যোগদান করানো হয়নি। এমতাবস্থায় প্রধান শিক্ষক জনাব মো: মনিরুজ্জামানকে আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী স্বপদে বহাল না করায় কেন এডহক কমিটির সভাপতির পদ থেকে আপনাকে অব্যাহতি দেয়া হবে না তার জবাব ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য বলা হলো।

০৬-১০-২০২০

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০৪২১-৬৮৬৩৪

সভাপতি, এডহক কমিটি

ফকিরবাড়ী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়

ফকিরবাড়ী, মোড়েলগঞ্জ, বাগেরহাট।

নথি নং-বিঅ-৬/৪৩১১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৩৩৩ (৬)

তারিখ: ০৬-১০-২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৩। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৫। প্রধান শিক্ষক, ফকিরবাড়ী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, ফকিরবাড়ী, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৬। অফিস নথি।

০৬-১০-২০২০

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর